# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**11 AUGUST 2025** **7:45—7:55 PM IST**

**==================================================**

১) রাজ্যে নতুন করে আরো ১০ টি সমজেলা গঠনের বিষয়ে আগামীকাল আনুষ্ঠানিক ঘোষনা ।

২) অসম গণ পরিষদের শীর্ষ নেতাদের ডিমাপুরে এন ডি পি পি র নেতা তথা নাগালেন্ডের মূখ্যমন্ত্রী নেফিউরিওর সঙ্গে সাক্ষাৎ ।

৩) রাজ্যজুড়ে স্বাধীনতা দিবসের ব্যাপক প্রস্তুতি । বিভিন্ন স্থানে তিরংগা যাত্রার আয়োজন ।

এবং

৪) শিলচর মেডিকেল ও হাসপাতালের ডায়লেসিস সেন্টারে গতকাল গভীর রাতে দুষ্কৃতকারীদের ভাঙ্গচুর।

---

রাজ্যে পুনরায় ১০ টি সমজেলা সংযোজন করা হবে । আগামীকাল কাছাড় , কামরূপ , শোণিতপুর , যোরহাট ,তিনসুকিয়া এবং গোয়ালপারায় সমজেলা সংযোজন কার্যসূচীতে বেশকয়েকজন মন্ত্রী অংশগ্রহণ করবেন । এ নিয়ে রাজ্যে মোট সমজেলার সংখ্যা ৪৯ এ বৃদ্ধি পাবে । বিগত বর্ষের অক্টোবরে ৩৯ টি সমজেলা সংযোজন করা হয়েছিলো । প্রশাসনিক দক্ষতা বৃদ্ধির ক্ষেত্রে উল্লেখযোগ্য পদক্ষেপ হিসেবে গঠন করা সমজেলাগুলি ভূমি , রাজস্ব সম্পর্কীত সেবা , উন্নয়ন ও জনকল্যাণমূলক প্রকল্প রূপায়ন ,প্রশাসনিক ক্ষমতা , খাদ্য ও সরবরাহ ব্যাবস্থা নিশ্চিত ,পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের প্রকল্পের

সফল রূপায়ন ও দুর্যোগ ব্যাস্থাপনার ক্ষেত্রে জনসাধারণকে প্রয়োজনীয় সুবিধা লাভ করতে সহায়তা করবে ।

---------------------------------------------------------------------------------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ নতুনদিল্লীর বাবা খরকসিং মার্গে সাংসদদের জন্য নবনির্মীত ১৮৪ টি আবাস আনুষ্ঠানিকভাবে উদ্বোধন করেন ।অনুষ্ঠানে ভাষণ প্রসঙ্গে শ্রী মোদী বলেন যে ২০১৪ সাল থেকে সাংসদদের জন্য ৩৫০ টি নতুন আবাস নির্মাণ করা হয়েছে ।এই আবাসগুলোর প্রাঙ্গনে চারটি স্তম্ভ দেশের চারটি নদী কৃষ্ণা , গোদাবরী , কুশি এবং হুগলি নদীর নামে নামকরণ করা হয়েছে ।নদীর নামে নমকরণ করার এই প্রক্রিয়া দেশকে একতার সূত্রে বেঁধে রাখে বলে তিনি মন্তব্য করেন ।সাংসদরা দলীয় মনোভাব অক্ষুন্ন রেখে কাজ করা সহ তাঁদের সম্মিলিত প্রয়াস দেশের জন্য উদাহরণ সৃষ্টি করবে বলে তিনি আশা প্রকাশ করেন ।এই আবাসগুলোতে ১৮০ জন সাংসদ থাকতে পারবেন বলে প্রধানমন্ত্রী জানান ।

---------------------------------------------------------------------------------------------

অসম গণ পরিষদের সভাপতি অতুল বরা এবং কার্যকরী সভাপতি কেশব মহন্ত আজ নাগালেন্ডের ডিমাপুরে রাজ্যের মুখ্যমন্ত্রী তথা ন্যাশনেলিস্ট ডেমোক্রেটিক প্রগ্রেসিভ পার্টির প্রতিষ্ঠাতা নেফিউরিওর সঙ্গে সাক্ষাৎ করেন । এরপর অগপ সভাপতি শ্রী বরা সামাজিক মাধ্যমে জানান যে নেফিউরিওর মূখ্যমন্ত্রীত্বের সময়ে নাগালেন্ডের সঙ্গে আসামের পারস্পরিক সম্পর্ক সুদৃঢ় হয়েছে । নাগালেন্ডে শান্তি ও উন্নয়নের গতি ত্বরান্বিত করার ক্ষেত্রে নেফিউরিও গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে বলেও অগপ সভাপতি মন্তব্য করেন । সাক্ষাৎকালে নাগালেন্ডের উপ-মূখ্যমন্ত্রী টি আর জেলিয়াং , এন ডি পি পির সভাপতি সিংগোওয়াং কন্যাক , সভাপতি রুসেমটং লংকুমার উপস্থিত ছিলেন ।

---------------------------------------------------------------------------------------------

স্বাধীনতা দিবসের আর মাত্র তিনদিন বাকী থাকা অবস্থায় বিভিন্ন জেলা প্রশাসন প্রস্তুতি প্রায় সম্পূর্ণ করে তুলেছে । বিভিন্ন জেলায় হর ঘর তিরংগা অভিযানের অংশ হিসেবে সাইকেল র‍্যালীর আয়োজন করা হয়েছে । বিভিন্ন জেলার সদরে পুলিশ , সি আর পি এফ ,এন সি সি এবং স্কাউট এন্ড গাইডের ছাত্র ছাত্রীদের প্যারেডের অনুশীলন পরিলক্ষিত হয়েছে । এদিকে গৌহাটীর চানমারীতে অবস্থিত আসাম রাজ্য খাদী ও গ্রামোদ্যোগ বোর্ড পাঁচ হাজার জাতীয় পতাকা তৈরী করার কাজ প্রায় সম্পূর্ণ করে তুলেছে । এ সম্পর্কে খাদী বোর্ডের বিপণন শাখার ভারপ্রাপ্ত আধিকারিক বেঞ্জামিন রংমাই জানান যে এবার স্বাধীনতা দিবস উপলক্ষ্যে প্রায় ২৫ লক্ষ টাকা মূল্যের বিভিন্ন আকারের পতাকা তৈরীর কাজ হতে নেওয়া হয়েছে । রাজ্যের বিভিন্ন প্রান্তে থাকা ২৫

টি করে খাদী ভান্ডার সহ বিভিন্ন সরকারী বিভাগ , জেলা আয়ুক্তের কার্যালয়ে পতাকা প্রেরণ করা হয়েছে বলেও তিনি জানান ।

বরাক উপত্যকার তিন জেলায়ও স্বাধীনতা দিবস উদযাপনের প্রস্তুতি প্রায় সম্পূর্ন হয়ে উঠেছে ।

-------------------------------------------------------------------------------------

আসন্ন স্বাধীনতা দিবস উদযাপনের জন্য হাইলাকান্দি জেলায়ও প্রস্তুতি প্রায় সম্পূর্ণ । বিশেষ করে স্কুল কলেজ সরকারী প্রতিষ্ঠান সহ ঘরে ঘরে জাতীয় পতাকা উত্তলন করার জন্য ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে । আসাম রাজ্য নগর জীবিকা মিশনের অধীনে ঘরে ঘরে জাতীয় পতাকা সহজে পৌঁছে দিতে হাইলাকান্দি জেলার বিভিন্ন প্রান্তে তিরঙ্গা পতাকা বিক্রয়কেন্দ্র খোলা হয়েছে । হাইলাকান্দি পৌরসভা কার্যালয়ের সামনে আজ অনুরূপ একটি দোকান খোলা হয়েছে । অতিরিক্ত আয়ুক্ত দ্বীপমালা গোয়ালা এবং পুরপতি মানব চক্রবর্তী এই তিরঙ্গা পতাকা বিক্রয় কেন্দ্রের উদ্বোধন করেন । স্থানীয় আত্মসহায়ক গোষ্ঠির মহিলাদের তৈরী তিরঙ্গা পতাকা সমুহ এই দোকানগুলোতে কম দামে পাওয়া যাবে ।এই সম্পর্কে সিটি প্রজেক্ট ম্যানেজার সাইদুল রহমান চৌধুরী জানান ------

বাইট

এদিকে এই দিবস উদযাপন উপলক্ষে হাইলাকান্দি জেলা প্রশাসনের উদ্যোগে বিভিন্ন স্থানে সাফাই অভিযান ,ওয়াল পেন্টিং , বসে আঁকো প্রতিযোগিতা ইত্যাদির আয়োজন করা হচ্ছে ।গ্রামীণ জীবিকা মিশনের হাইলাকান্দি শাখার উদ্যোগে গাগলাছড়ায় একটি তিরঙ্গা পতাকা বিক্রয়কেন্দ্র খোলা হয়েছে ।আজ লালা পৌরসভার উদ্যোগে লালা শহরে সাফাই অভিযান চালানো হয় ।

-------------------------------------------------------------------------------------

অনুরূপভাবে কাছাড় ও শ্রীভূমি জেলায়ও স্বাধীনতা দিবস উদযাপনের প্রস্তুতি সম্পূর্ণ হয়েছে।

-------------------------------------------------------------------------------------

আকাশবাণী শিলচর কেন্দ্রের আজ ৫৪ তম জন্মদিন । ১৯৭২ সালের ১১ আগস্ট তদানীন্তন সরবরাহ মন্ত্রী মহীতোষ পুরকায়স্থ এই কেন্দ্রের উদ্বোধন করেন । দীর্ঘ তেপান্ন বছরে আকাশবাণী শিলচর স্থানীয় সংস্কৃতি চর্চার ওপর গুরুত্ব দিয়ে নানা ধরণের অনুষ্ঠান প্রচার করে আসছে । বাংলা অনুষ্ঠান প্রচারের কেন্দ্র হলেও এই কেন্দ্র

থেকে  ডিমাসা ,মণিপুরী এবং চা-জনগোষ্ঠীর লোকেদের জন্য প্রতিদিন অনুষ্ঠান প্রচার করা হয় ।

--------------------------------------------------------------------------------

শিলচর মেডিক্যাল কলেজ ও হাসপাতালের ডায়েলসিস সেন্টারে গতকাল গভীর রাতে অজ্ঞাতপরিচয় দুষ্কৃতকারীরা ভাঙচুর চালায় ।ডায়েলসিস ইউনিটের সিনিয়র ইনচার্জ সায়ন্তন দাস জানান যে গতকাল গভীর রাতে দুষ্কৃতকারীরা বেশ কয়েকটি ডায়েলসিস মেশিনের ডিসপ্লে , কম্পিউটার , প্রিন্টার সহ অন্যান্য প্রয়োজনীয় সামগ্রী ভাঙচুর করে । সকালে কর্মচারীরা এসে সমগ্র ইউনিট লন্ডভন্ড অবস্থায় দেখতে পায় বলে তিনি জানা । এই ঘটনা সম্পর্কে মেডিক্যাল কলেজের অধ্যক্ষ ডাঃ ভাস্কর গুপ্ত জানান ----

বাইট

--------------------------------------------------------------------------------

আসাম  সরকারের পূর্ত ,মীন ও পশু চিকিৎসা বিভাগের মন্ত্রী কৃষ্ণেন্দু পাল চিকিৎসা পরিষেবা পর্যালোচনা করতে আজ শ্রীভূমি শহরের করিমগঞ্জ অসামরিক হাসপাতাল পরিদর্শন করেন । পরিদর্শনকালে মন্ত্রী হাসপাতালে রোগীদের খোজঁ খবর নেন এবং ডাক্তারদের সঙ্গে মত বিনিময় করেন এবং হাসপাতালের স্বাস্থ্যসেবা জোরদার করার পদক্ষেপগুলি নিয়ে কর্তৃপক্ষের সঙ্গে আলোচনা করেন । মন্ত্রী শ্রী পালের সঙ্গে জেলা আয়ুক্ত প্রদীপ কুমার দ্বিবেদী , জেলা বি জে পি সভাপতি সঞ্জীব বণিক সহ অন্যান্যরা উপস্থিত ছিলেন ।

--------------------------------------------------------------------------------

শহীদ ক্ষুদিরাম স্মৃতিরক্ষা কমিটি শিলচরের উদ্যোগে আজ শহীদ ক্ষুদিরাম বসুর ১১৮ তম আত্মবলিদান দিবস যথাযোগ্য মর্যাদায় পালন করা হয় ।এ উপলক্ষে আজ সকালে ক্ষুদিরাম মূর্তীর পাদদেশে এক আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয় ।

--------------------------------------------------------------------------------

স্বাধীনতা দিবস উদযাপনের অঙ্গ হিসেবে বরাক উপত্যকা ক্রীড়া সাংবাদিক সংস্থা ( বাক্স )এর হাইলাকান্দি জেলা কমিটির উদ্যোগে শহরের প্রিসাইন্সিয়া সিনিয়র সেকেন্ডারি স্কুলে আগামীকাল বেলা সাড়ে ১২ টায় এক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে ।এতে দেশের স্বাধীনতা সংগ্রামের ইতিহাস নিয়ে আলোচনা করা হবে । এছাড়া ছাত্রছাত্রীদের মধ্যে ক্রীড়া বিষয়ে ক্যুইজ প্রতিযোগিতারও আয়োজন করা হবে ।

--------------------------------------------------------------------------------

মাতৃভূমি কাপ প্রাইজমানি নকআউট ফুটবল টুর্নামেন্টের আজকের প্রথম রাউন্ডে সি-গ্রুপের খেলায় ভাগা এফ সি জয়ী হয়েছে ।তারা ১-০ গোলের ব্যবধানে কালাখাল এফ সি দলকে পরাজিত করেছে । ধলাই বাম নিত্যানন্দ উচ্চতর মাধ্যমিক বহুমুখী বিদ্যালয়ের খেলার মাঠে আয়োজিত প্রতিযোগিতার আগামীকাল সি - গ্রুপের শেষ খেলায় জামলপুর এফসি ও বাম সপ্তগ্রাম এফ সি পরস্পরের মুখোমুখি হবে ।

---------------------------------------------------------------------------------------